

বঙ্গভবন ৩০ জুলাই ২০২২:

বঙ্গবন্ধু সামরিক জাদুঘর পরিদর্শন করলেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ।

বিকেলে রাজধানীর বিজয় সরণিতে নির্মিত বঙ্গবন্ধু সামরিক জাদুঘরে পৌঁছলে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার -উজ- জামান রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

এসময় বঙ্গবন্ধু সামরিক জাদুঘরের স্থাপনা সহ বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করা হয়।

এরপর রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সামরিক জাদুঘরের বিভিন্ন গ্যালারি ঘুরে দেখেন।

মুক্তিযুদ্ধের ইতিহাস সহ জাদুঘরে বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর ইতিহাস, ঐতিহ্য ,সাফল্য তুলে ধরা হয়েছে।

এছাড়া ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় ব্যবহৃত বিভিন্ন যানবাহন এবং সামরিক বাহিনীর বিভিন্ন অস্ত্র শস্ত্র ও উপকরণ সংরক্ষিত রয়েছে।

সংসদ সদস্য রেজোয়ান আহম্মদ তৌফিক সহ রাষ্ট্রপতির পরিবারের সদস্যগণ এবং রাষ্ট্রপতির সচিবগণ এসব উপস্থিত ছিলেন।

এ সময় রাষ্ট্রপতি তোষাখানা পরিদর্শন করেন।

পরে, রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বঙ্গবন্ধু সামরিক জাদুঘর প্রাঙ্গণে লাইট অ্যান্ড সাউন্ড ডিসপ্লে উপভোগ করেন এবং পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।